রবীন্দ্রসংগীত-গবেষণা-গ্রন্থমালা

প্রথম খণ্ড

শ্রীপ্রফুল্লকুমার দাস

সু র ঙ্গ মা
কলিকাতা

প্রকাশ : ২৫ বৈশাখ ১৩৭৯

॥ পরিবেশক ॥

জিজ্ঞাসা

১এ কলেজ রো। কলিকাতা ৯

১৩৩এ রাসবিহারী অ্যাভিনিউ। কলিকাতা ২৯

প্রকাশক শ্রীপ্রভাস নিয়োগী

সুরঙ্গমা। ৩৩ রাসবিহারী অ্যাভিনিউ। কলিকাতা ২৬

মুদ্রক শ্রীদিব্যক্ষর ভট্টাচার্য

ব্রাহ্মমিশন প্রেস। ২১১/১ বিধান সরণী। কলিকাতা ৬

১'১

উৎসর্গ

রবীন্দ্রনাথের আদর্শে অবিচল বিশ্বাসী
রবীন্দ্র- সংগীত ও সংস্কৃতির সেবকতায় আত্মনিবেদিত
রবীন্দ্রসংগীতের উপলব্ধিতে সর্ববিধগুণে গুণান্বিত
রবীন্দ্রসংগীতের শিক্ষণে সুনিপুণ, সুষ্ঠু প্রচারে সদাতৎপর
রবীন্দ্রসংগীতের বিচারবিশ্লেষণে অসাধারণ বিচক্ষণ
রবীন্দ্রসংগীতে আমার শিক্ষাগুরু
শ্রীশৈলজারঞ্জন মজুমদার
শ্রদ্ধাস্পদেষু

বিজ্ঞপ্তি

রবীন্দ্রনাথ মণিমাণিক্যশোভিত একটি বৃহৎ ভাণ্ডার আমাদের হাতে দিয়ে গেছেন। সেটি হল তাঁর অনবদ্য সৃষ্টি—তাঁর বিশেষ মমতার সম্পদ—রবীন্দ্রসংগীত। এই বিপুলায়তন ভাণ্ডারের দ্বার অবারিত। গম্যস্থল যে-ক্ষেত্রে অবারিত সে-ক্ষেত্রে অনায়াস-গতির বেগে সূক্ষ্ম বিষয় তো বটেই, এমন-কি, স্থূল বিষয়ের সবকিছু দৃষ্টিগোচর ও উপলব্ধ না হতে পারে। সেজন্যও রবীন্দ্রসংগীতে বিশদ গবেষণা ও তার ফলশ্রুতি প্রকাশন অত্যাবশ্যক।

কিছুকাল পূর্বে 'সুরঙ্গমা' রবীন্দ্রসংগীত-শিক্ষায়তনে একটি গবেষণা-বিভাগ স্থাপনের সিদ্ধান্তে উৎসাহ বোধ করি। এ বিষয়ে বিশেষ উৎসাহী ও অগ্রণী 'সুরঙ্গমা'র কর্মসচিব শ্রীপ্রভাস নিয়োগী গত বৎসর যখন এই বিভাগের দায়িত্ব আমার উপর ন্যস্ত করবার প্রস্তাব করলেন তখন নিজের সীমিত সাধ্যের কথা ভেবে সংকোচ বোধ করেছিলাম। কিন্তু পুনর্বিবেচনায় এই প্রস্তাবে সম্মত হই এই মনে করে যে, যাঁর জ্ঞান-ছত্রচ্ছায়ায় দায়িত্বপালনে আমার বিশেষ সুবিধা আছে তিনি হলেন শ্রীশৈলজারঞ্জন মজুমদার মহাশয়। শান্তিনিকেতনে ও কলকাতায় দীর্ঘকাল তাঁর সান্নিধ্যলাভের সৌভাগ্য হওয়ায় সামগ্রিকভাবে রবীন্দ্রসংগীতে তাঁর জ্ঞানের গভীরতা ও যথার্থ উপলব্ধি প্রত্যক্ষ করেছি। রবীন্দ্রসংগীতের মর্মলোকে প্রবেশের প্রয়াসে তাঁর কাছে প্রত্যক্ষভাবে শিক্ষালাভ করেছি যত, তাঁর উপদেশ নির্দেশে শিক্ষা করেছি তার বহুগুণ। রবীন্দ্রসংগীত-গবেষণা-গ্রন্থমালার প্রথম খণ্ড তাঁকে উৎসর্গ করতে পেরে নিজেকে ধন্য মনে করছি।

বিপুলসংখ্যক রবীন্দ্রসংগীতে নানা বৈশিষ্ট্য-বৈচিত্র্য যেমন আছে, দীর্ঘকালব্যাপী রচনার ফলে তাতে বিভিন্ন স্তরভেদও ঘটেছে। সেজন্য রবীন্দ্রসংগীতের প্রধান বিষয়গুলির যে-কোনোটির উপস্থাপনা ও পর্যালোচনা দীর্ঘ হওয়া স্বাভাবিক। তার মধ্যে এক-একটি বিষয়ের সন্নিবেশে প্রভূত পরিশ্রম ও অভিনিবেশ যেমন প্রয়োজন, গ্রন্থভুক্ত করতে হলে তা বিস্তৃত স্থানব্যাপকও। তবে এক-একটি বিষয় শৃঙ্খলাবদ্ধভাবে সন্নিবিষ্ট করতে পারলে তদ্‌দৃষ্টেই ফলশ্রুতি কতকাংশে প্রত্যক্ষগোচর হয়। রবীন্দ্রসংগীত-গবেষণা-গ্রন্থমালার প্রথম খণ্ড থেকে উল্লিখিত বক্তব্য আশা করি পরিস্ফুট হবে।

বর্তমান গ্রন্থ ‘সুরঙ্গমা’র রবীন্দ্রসংগীত-গবেষণা-বিভাগের কাজের সূচনা মাত্র। রবীন্দ্রসংগীত-গবেষণা-গ্রন্থমালার কাজের প্রকার ও স্তর বহুবিধ। রবীন্দ্র-আদর্শবাদী এবং সংগীত ও সাহিত্য -গুণসম্পন্ন ব্যক্তিগণের সহযোগিতা ও সহকারিতা পেলে এ কাজ সম্পন্ন করা সহজ হবে।

‘সুরঙ্গমা’য় রবীন্দ্রসংগীত-গবেষণা-বিভাগের পরিকল্পনার সূচনা থেকে কর্মসচিব শ্রীপ্রভাস নিয়োগী উৎসাহ দিয়েছেন। ‘জিজ্ঞাসা’র স্বত্বাধিকারী শ্রীশ্রীশকুমার কুণ্ড মহাশয় অনুগ্রহপূর্বক এই গ্রন্থের পরিবেশনের দায়িত্ব নিয়েছেন। প্রচ্ছদের রেখাচিত্র অঙ্কন করে দিয়েছেন শ্রীসুবিমল লাহিড়ী। তাঁদের সকলকে কৃতজ্ঞতা জানাই।

২৫ বৈশাখ ১৩৭৯

শ্রীপ্রফুল্লকুমার দাস

সূচীপত্র

দিক্‌দর্শন

সংস্কৃতি সমগ্র মানুষের চিত্তবৃত্তিকে গভীরতর স্তর থেকে সফল করতে থাকে। তার প্রভাবে মানুষ অন্তর থেকে স্বতই সর্বাঙ্গীণ সার্থকতা লাভ করে। তার প্রভাবে নিষ্কাম জ্ঞানার্জনের অনুরাগ এবং নিঃস্বার্থ কর্মানুষ্ঠানের উৎসাহ স্বাভাবিক হয়ে ওঠে। যথার্থ সংস্কৃতি জড়ভাবে প্রথাপালনের চেয়ে অকৃত্রিম সৌজন্যকে বড়ো মূল্য দিয়ে থাকে। মানুষের সঙ্গে ব্যবহারে কাজ উদ্ধার করবার উপযোগী বিনয়কৌশল তার অনুশাসন নয়; সংস্কৃতিবান মানুষ নিজের ক্ষতি করতে পারে, কিন্তু নিজেকে হেয় করতে পারে না। সে আড়ম্বরপূর্বক প্রচার করতে বা স্বার্থপরভাবে সবাইকে ঠেলে নিজেকে অগ্রসর করতে লজ্জাবোধ করে। যা কিছু ইতর বা কপট তার গ্লানি তাকে বেদনা দেয়। শিল্পে সাহিত্যে মানুষের ইতিহাসে যা-কিছু শ্রেষ্ঠ তার সঙ্গে আন্তরিক পরিচয় থাকাতে সকল প্রকার শ্রেষ্ঠতাকে সম্মান করতে সে আনন্দ পায়। সে বিচার করতে পারে, মতবিরোধের বাধা ভেদ করেও যেখানে যেটুকু ভালো আছে সে তা দেখতে পায়, অন্যের সফলতাকে ঈর্ষা করাকে সে নিজের লাঘব বলেই জানে।[১]

ভারতবর্ষে বহুযুগের সৃষ্টি করা যে সংগীতের মহাদেশ, তাকে অস্বীকার করলে দাঁড়াব কোথায়? পশ্চিম মহাদেশেও বাসযোগ্য স্থান নিশ্চিত আছে, কিন্তু সেখানে ভাড়াটে বাড়ির ভাড়া যোগাব কোথা থেকে? বাংলা দেশে আমার নামে অনেক প্রবাদ প্রচলিত, তারই অন্তর্গত একটি জনশ্রুতি আছে যে আমি হিন্দুস্থানী গান জানি নে বুঝি নে। আমার আদিযুগের রচিত গানে হিন্দুস্থানী ধ্রুবপদ্ধতির রাগরাগিণীর সাক্ষীদল অতি বিশুদ্ধ প্রমাণসহ দূর ভাবীশতাব্দীর প্রত্নতাত্ত্বিকদের নিদারুণ বাক্‌বিতণ্ডার জন্য অপেক্ষা করে আছে। ইচ্ছা করলেও সেই সংগীতকে আমি প্রত্যাখ্যান করতে পারি নে, সেই সংগীত থেকেই আমি প্রেরণা লাভ করি এ কথা যারা জানে না তারাই হিন্দুস্থানী সংগীতকে জানে না।[২]

বাংলাদেশে হৃদয়ভাবের স্বাভাবিক প্রকাশ সাহিত্যে। 'গৌড়জন যাহে আনন্দে করিবে পান সুধা নিরবধি'— সে দেখতে পাচ্ছি সাহিত্যের

মধুচক্র থেকে। বাণীর প্রতিই বাঙালির অন্তরের টান, এই জন্যই ভারতের মধ্যে এই প্রদেশেই বাণীর সাধনা সব চেয়ে বেশি হয়েছে। কিন্তু একা বাণীর মধ্যে তো মানুষের প্রকাশের পূর্ণতা হয় না— এই জন্যে বাংলাদেশে সংগীতের স্বতন্ত্র পংক্তি নয়, বাণীর পাশেই তার আসন।[২]

আমার মনে যে সুর জমে ছিল, সে সুর যখন প্রকাশিত হতে চাইলে তখন কথার সঙ্গে গলাগলি করে সে দেখা দিল। ছেলেবেলা থেকে গানের প্রতি আমার নিবিড় ভালোবাসা যখন আপনাকে ব্যক্ত করতে গেল, তখন অবিমিশ্র সংগীতের রূপ সে রচনা করলে না। সংগীতকে কাব্যের সঙ্গে মিলিয়ে দিলে, কোন্‌টা বড়ো কোন্‌টা ছোটো বোঝা গেল না।[২]

…সর্বপ্রকার কলাবিদ্যা সম্বন্ধে শিক্ষিত ও অশিক্ষিতের আনন্দ ভিন্ন ভিন্ন পথে যায়।

…ভিতরে প্রবেশ না করিলে, না বুঝিলে, এ আনন্দ ভোগ করিবার উপায় নাই। উপর হইতে চট্‌ করিয়া যে সুখ পাওয়া যায় ইহা তাহা অপেক্ষা স্থায়ী ও গভীর।

এবং এক হিসাবে তাহা অপেক্ষা ব্যাপক। যাহা অগভীর, লোকের শিক্ষাবিস্তারের সঙ্গে, অভ্যাসের সঙ্গে ক্রমেই তাহা ক্ষয় হইয়া তাহার রিক্ততা বাহির হইয়া পড়ে। যাহা গভীর তাহা আপাতত বহু লোকের গম্য না হইলেও বহুকাল তাহার পরমায়ু থাকে, তাহার মধ্যে যে একটি শ্রেষ্ঠতার আদর্শ আছে তাহা সহজে জীর্ণ হয় না।[২]

১ শিক্ষা: রবীন্দ্রনাথ ঠাকুর। ২ সংগীতচিন্তা: রবীন্দ্রনাথ ঠাকুর।

সূচনা

দিক্‌দর্শন শিরোনামে অব্যবহিত পূর্বে রবীন্দ্রনাথের যে সকল উক্তি সংকলন করা হয়েছে তা থেকে সংগীত সম্বন্ধে কবির মনোভাব ও অভিমত সংক্ষেপে উপলব্ধি করা সম্ভব। অন্যদিকে তাঁর নিজের সংগীতরচনাতেও এই সকল উক্তি বিশেষরূপে যে কার্যকর হয়েছে সে বিষয়েও সন্দেহ নেই। রবীন্দ্রসংগীত বলতে কী বোঝায় এই প্রশ্নের উত্তরে যদি কেউ বলেন রবীন্দ্রনাথের গান তা হলে এক হিসাবে তা ঠিক। বক্তব্য সম্পূর্ণ করতে হলে অন্তত এটুকু বলা আবশ্যক যে সংগীত শব্দের দ্বারা গীত বাদ্য ও নৃত্য এই যে তিনটি কলাবিদ্যা বোঝায় সাংস্কৃতিক পরিপ্রেক্ষিতে সামগ্রিকভাবে রবীন্দ্রসংগীতের সঙ্গে এই তিনটি কলাবিদ্যাই সংশ্লিষ্ট। আবার, এক অর্থে এই বলা যায় যে, রবীন্দ্র-রচিত কথা ও রবীন্দ্র-যোজিত সুরের মিলনে যে ভাবচিত্র রূপায়িত হয়েছে তাই রবীন্দ্রসংগীত।

বাংলা গানের গতিপ্রকৃতির একটি বিশেষত্ব আছে। সে বিশেষত্ব হল কথা ও সুরের মিলনসাধনের প্রয়াস। প্রাচীন ভারতের সংগীতচিন্তার মৌলিকত্বও তাই। রবীন্দ্রনাথ এই মৌলিকত্বকে অনুধাবন করেছেন, উপলব্ধি করেছেন, এবং তাঁর সংগীতরচনায় তা অনুসরণ করেও অভিনবত্ব সাধন করেছেন। রবীন্দ্রসংগীতের উৎপত্তি সাহিত্যের ভূমিতে, সুরের আকাশে তার প্রকাশ।

বাংলা গানের বৈশিষ্ট্যমূলক যে সকল ধারা রবীন্দ্রপূর্ব যুগ থেকে অনুসৃত হয়ে আসছিল বিশেষ দৃষ্টিকোণ থেকে তার পরিবর্তন ঘটে মহাত্মা রামমোহন রায়ের যুগে (১৭৭২-১৮৮৩ খৃস্টাব্দ) ও তৎপরবর্তীকালে। রবীন্দ্রনাথ রামমোহনকে বলেছেন ভারতপথিক। সাহিত্য, ধর্ম, শিক্ষা ও সংস্কৃতির বহু ক্ষেত্রে রামমোহন বাংলা তথা ভারতকে পথপ্রদর্শন করেছেন। সংগীতের ক্ষেত্রেও তাঁর দিক্‌প্রদর্শন সাধারণ নয়। ধ্রুবপদ্ধতির অনুসরণে তিনি কিছু-সংখ্যক গান রচনা করেছিলেন যা তৎকালে বিশেষ সমাদর লাভ করেছিল।

সাধারণ ব্রাহ্মসমাজ-অন্তর্ভুক্ত ব্রাহ্ম যুবসমিতি-কর্তৃক 'রাজা রামমোহন রায়—তাঁহার অনুবর্তী ও বন্ধুগণ কর্তৃক রচিত' গানসম্বলিত 'ব্রহ্মসঙ্গীত' নামে

একটি ক্ষুদ্র গ্রন্থ প্রকাশিত হয় ১৩৫৬ সালে। ওই গ্রন্থে ১০৪টি গান মুদ্রিত—তার মধ্যে ৪৪টি রামমোহন-রচিত ও অবশিষ্ট ৬০টি অন্যের রচনা বলে উল্লিখিত। উক্ত 'ব্রহ্মসঙ্গীত' গ্রন্থ থেকে রামমোহন-রচিত ৪৪টি গানের তালিকা অতঃপর সংকলন করা হল।

মহাত্মা রামমোহন রায় -রচিত গান

১. মন যারে নাহি পায়। কালাংড়া। আড়াঠেকা
২. দেখ মন এ কেমন। বেহাগ। একতালা
৩. একি ভুল মনঃ। আলাইয়া। আড়াঠেকা
৪. নিরুপমের উপমা। ভৈরবী। আড়াঠেকা
৫. নিরঞ্জনের নিরূপণ। বাহার। আড়াঠেকা
৬. জানত বিষয়ে মন। কুকব। ঝাঁপতাল
৭. মন তোরে কে ভুলালো। সিন্ধু ভৈরবী। ঠুংরি
৮. মন একি ভ্রান্তি তোমার। সিন্ধু ভৈরবী। আড়াঠেকা
৯. দ্বৈতভাব ভাব কি মন। দেশ। আড়াঠেকা
১০. সত্য সুচনা বিনা সকলি বৃথায়। সাহানা। যৎ
১১. দ্বিভাব ভাব কি মন। আলাইয়া। ঝাঁপতাল
১২. মনরে ত্যজ অভিমান। সিন্ধু ভৈরবী। আড়াঠেকা
১৩. ভয় করিলে যারে। সাহানা। ঝামাল
১৪. আমি হই আমি করি। সাহানা। যৎ
১৫. ভুলো না বিষাদ কাল। ইমন। আড়াঠেকান
১৬. পরমাত্মায় মনরে হওরে রত। ইমনকল্যাণ। ঝাঁপতাল
১৭. চৈতন্য বিহীন জন। লুম ঝিঁ ঝিট। আড়াঠেকা
১৮. ভবে ভ্রান্ত হয়ে জীব
১৯. সে কোথায় কার কর অন্বেষণ। বাগশ্রী। আড়াঠেকা
২০. এত ভ্রান্তি কেন মন। টোড়ি। আড়াঠেকা
২১. কোথায় গমন। আলাইয়া। আড়া
২২. অজ্ঞানে জ্ঞান হারায়ে। বেহাগ। আড়াঠেকা

২৩. স্মর পরমেশ্বরে মন আমার। গৌড় মল্লার
২৪. নিত্য নিরঞ্জন। বেহাগ। কাওয়ালি
২৫. ভাব সেই একে। ইমনকল্যাণ। তেওট
২৬. সত্য সূচনা বিনা। রামকেলি। আড়াঠেকা
২৭. কেন সৃজন লয় কারণে। গৌড়মল্লার। কাওয়ালি
২৮. এই হল এই হবে। ভৈরব। আড়াঠেকা
২৯. স্মর পরমেশ্বরে অনাদিকারণে। বাগশ্রী। একতালা
৩০. সঙ্গের সঙ্গীরে মন। গৌড়মল্লার। আড়াঠেকা
৩১. মনে কর শেষের সে দিন। রামকেলি। আড়াঠেকা
৩২. এক দিন যদি হবে। রামকেলি। আড়াঠেকা
৩৩. মানিলাম, হও তুমি। কেদারা। আড়া
৩৪. দম্ভভরে কত রবে। রামকেলি। আড়াঠেকা
৩৫. একবার ভ্রমেতেও মনে। রামকেলি। আড়াঠেকা
৩৬. গ্রাস করে কাল পরমায়ু। রামকেলি। আড়াঠেকা
৩৭. আর কত সুখে মুখ। রামকেলি। আড়াঠেকা
৩৮. অনিত্য বিষয় কর। রামকেলি। কাওয়ালি
৩৯. ভজ অকাল নির্ভয়ে। সুরট। কাওয়ালি
৪০. জন্মের সাফল্য কর। সরফরদা। আড়াঠেকা
৪১. এ কি ভুলে রয়েছ মন। বিভাস। আড়া
৪২. তাঁরে কররে স্মরণ। আড়াঠেকা
৪৩. দৃশ্যমান যে পদার্থ। বিভাস। আড়াঠেকা
৪৪. কি স্বদেশে কি বিদেশে। বাগশ্রী। আড়াঠেকা

উল্লেখযোগ্য যে, প্রচলিত ক্ল্যাসিকাল ধ্রুপদ গানে যে-সকল তালের ব্যবহার পাওয়া যায় সংকলিত তালিকার অধিকাংশ গানে সে-সকল তাল ব্যবহৃত হয় নি।

রামমোহন রায় -রচিত অধিকাংশ গানের মুদ্রিত স্বরলিপি নেই। সেজন্য সব গান সম্বন্ধে পর্যালোচনা করা ও বক্তব্য উপস্থাপিত করা অসুবিধা-জনক। আদি ব্রাহ্মসমাজের অন্যতম গায়ক কাঙ্গালীচরণ সেন -প্রণীত 'ব্রহ্ম-সঙ্গীত-স্বরলিপি' গ্রন্থের ছয় ভাগে (১৩১১-১৩১৮) রামমোহন ও অন্যান্য

সংগীতরচয়িতাগণের অনেক গানের স্বরলিপি মুদ্রিত আছে। এই গ্রন্থে রামমোহনের যে-সকল গান স্বরলিপিসহ প্রকাশিত তার একটি তালিকা পরে পরে দেওয়া হল। 'ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি'তে প্রত্যেক গানের কথার অংশের পরে রচয়িতার নাম উল্লিখিত আছে। কোনো কোনো ক্ষেত্রে রচয়িতার নামোল্লেখে অসংগতি লক্ষিত হয়। পরবর্তী তালিকাতেও দেখা যাবে 'ব্রহ্ম-সঙ্গীত-স্বরলিপি' গ্রন্থভুক্ত রামমোহন রায়ের রচনারূপে মুদ্রিত কোনো কোনো গান পূর্বে উল্লিখিত 'ব্রহ্মসঙ্গীত' পুস্তক অনুসারে ভিন্ন ব্যক্তির রচনা। এ বিষয়ে এবং অন্যান্য রচয়িতার ক্ষেত্রে অনুরূপ বিষয়ে বিশদ গবেষণা অপেক্ষা করে আছে।

রামমোহন রায় -রচিত গান ও তার স্বরলিপি

আদি ব্রাহ্মসমাজ -প্রকাশিত 'ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি':

প্রথম ভাগ (মাঘ ১৩১১)

মানিলাম হও তুমি। ইমন কল্যাণ। আড়াঠেকা
বিনাশ বিনাশ মন। দেশ মল্লার। তেতালা ॥ কালীনাথ রায়[১]
কি স্বদেশে কি বিদেশে। বাগেশ্রী। আড়াঠেকা
তাঁরে দূর জানি। বেহাগ। আড়াঠেকা ॥ কালীনাথ রায়[১]

তৃতীয় ভাগ (মাঘ ১৩১৩)

ভয় করিলে যারে। সাহানা। ধামার
অহঙ্কারে মত্ত সদা। কেদারা। কাওয়ালি ॥ ভৈরবচন্দ্র দত্ত[১]

পঞ্চম ভাগ (বৈশাখ ১৩১৬)

ভাব সেই একে। ইমন কল্যাণ। তেওট
স্মর পরমেশ্বরে। বাগেশ্রী। একতালা
কেন ভোল মনে কর। খাম্বাজ। ঢিমা তেতালা ॥ নিমাইচরণ মিত্র[১]

ষষ্ঠ ভাগ (জ্যৈষ্ঠ ১৩১৮)

মনে কর শেষের সে দিন। রামকেলী। আড়াঠেকা
কেন সৃজন-লয়-কারণে। গৌড়মল্লার। কাওয়ালি
ওহে পথিক মন। মালকোষ। আড়াঠেকা[২]

১ 'ব্রহ্মসঙ্গীত' (১৩৫৬) অনুসারে রচয়িতা। ২ 'ব্রহ্মসঙ্গীত' (১৩৫৬) পুস্তকে অনুল্লিখিত।

প্রথম অধ্যায়

পূর্বসূরী

মহাত্মা রামমোহন রায়ের সংগীত-রচনার ধারা বিশেষরূপে প্রভাব বিস্তার করে জোড়াসাঁকো ঠাকুর পরিবারে। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর থেকে আরম্ভ করে এই পরিবারের পরবর্তী সংগীত-রচয়িতাগণ এই ধারাকে গ্রহণ করেছেন, পুষ্ট করেছেন ও শাখায়িত করেছেন। বাংলাগানের ইতিহাসের ক্ষেত্রে তৎসম্বন্ধে বিশদ আলোচনার প্রয়োজন আছে। কিন্তু এ স্থলে তা সম্ভবপর নয়। কেননা রচয়িতার গানের সংখ্যাগরিষ্ঠতা এবং রচিত গানের সহজলভ্য সুর বা স্বরলিপি নির্দেশের ভিত্তিতে রবীন্দ্রনাথের সংগীত রচনার পূর্বপর ধারাবাহিকতার সূত্রটির সন্ধান দেওয়াই এ স্থলে উদ্দেশ্য।

মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর

(১৮১৭-১৯০৫)

আদি ব্রাহ্মসমাজ-প্রকাশিত 'ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি' গ্রন্থভুক্ত গান ও স্বরলিপি :

প্রথম ভাগ (মাঘ ১৩১১)

দেহ জ্ঞান—দিব্য জ্ঞান। আলাইয়া। একতালা

ছাড় মোহ ছাড় ছাড় রে। ছায়ানট। তেওট

(আরে) ভাব তাঁরে। বেহাগ। একতালা

পঞ্চম ভাগ (বৈশাখ ১৩১৬)

পরিপূর্ণমানন্দং। দেশ। তেওট

কারণ সে যে। পরজ। আড়াঠেকা

(মহর্ষি দেবেন্দ্রনাথের সার্ধশতবর্ষপূর্তি-উৎসব উপলক্ষে 'মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর' নামে যে পুস্তিকা প্রকাশিত হয়েছে (১৩৭৪ সাল) তাতে মহর্ষি-কৃত 'পুণ্যপুঞ্জেন যদি প্রেমধনং' গানটির স্বরলিপি মুদ্রিত আছে।)

মহর্ষির সন্তানগণের মধ্যে অনেকেই সংগীত রচনায় কৃতিত্ব প্রদর্শন

করেছেন। তার মধ্যে রচিত গানের সংখ্যাগরিষ্ঠতার দিক থেকে দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, সত্যেন্দ্রনাথ ঠাকুর ও জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর বিশেষভাবে উল্লেখ-যোগ্য। এই তিনের মধ্যে জ্যোতিরিন্দ্রনাথ-রচিত গানের সংখ্যা সর্বাধিক। পূর্বে যেরূপ উল্লেখ করা হয়েছে তদ্রূপ এই তিনজন রচয়িতার 'ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি'-গ্রন্থভুক্ত গানের তালিকা অতঃপর সংকলন করা হল।

দ্বিজেন্দ্রনাথ ঠাকুর

(১৮৪০-১৯২৬)

আদি ব্রাহ্মসমাজ -প্রকাশিত 'ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি' গ্রন্থভুক্ত গান ও স্বরলিপি:

প্রথম ভাগ (মাঘ ১৩১১)

অনুপম-মহিম পূর্ণ ব্রহ্ম। ভৈরব। ঝাঁপতাল
সকল-মঙ্গল-নিদান। ইমন কল্যাণ। চৌতাল
দরশন দাও হে। কেদারা। সুরফাঁক্তা
বিশ্ব-ভুবন-রঞ্জন। মেঘমল্লার। সুরফাঁক্তা
জগত-বন্দনে ভজ। সোহিনী বাহার। ঝাঁপতাল
ভজো রে ভজো রে ভবখণ্ডনে। নারায়ণী। যৎ
হৃদয়-চাতক মোর। নটনারায়ণ। চৌতাল

দ্বিতীয় ভাগ (মাঘ ১৩১২)

কর তাঁর নাম গান। ঝিঁঝিট। ঠুংরি

তৃতীয় ভাগ (মাঘ ১৩১৩)

আর গো কত ঘুরি। কুকভ। ধামার
সব দুঃখ দূর হইল। ভৈরব। সুরফাঁক্তা
জ্ঞানময় জ্যোতিকে যে। ভৈরবী। চৌতাল
এক প্রথমজ্যোতি, অতি শুভ্র। কেদারা। চৌতাল
বহিছে কৃপা-পবন। কেদারা। চৌতাল
দীন হীন ভকতে। কাফি। সুরফাক্তা
চমৎকার অপার জগত-রচনা। কানেড়া। ঝাঁপতাল
আনন্দে আকুল সবে। বসন্ত। সুরফাঁক্তা

চতুর্থ ভাগ (বৈশাখ ১৩১৫)

বিষয়ের তমোজাল। জয়জয়ন্তী। চৌতাল

জাগো সকল অমৃতের। আসোয়ারি। চৌতাল

অকূল ভবসাগরে। ভৈরবী। কাওয়ালি

নয়ন বাহিয়ে ঝরে। তিলক কামোদ। চৌতাল

কেমনে কহিব, কি সুধাময় শোভা। সাহানা। আড়াঠেকা

অখিল ব্রহ্মাণ্ডপতি। বন্দনা। ঝাঁপতাল

পঞ্চম ভাগ (বৈশাখ ১৩১৬)

আশ্চর্য্য দেখি এক। দেওশাক। ঝাঁপতাল

ঘোর গহন ভব-সংকটে। হাম্বীর। সুরফাঁক্তা

ষষ্ঠ ভাগ (জ্যৈষ্ঠ ১৩১৮)

জয় জয় পরব্রহ্ম। বিভাস। ঝাঁপতাল

আজি কি হরষ-সমীর। মিশ্র পরজ। কাওয়ালি

সত্যেন্দ্রনাথ ঠাকুর

(১৮৪২-১৯২৩)

আদি ব্রাহ্মসমাজ-প্রকাশিত 'ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি' গ্রন্থভুক্ত গান ও স্বরলিপি

প্রথম ভাগ (মাঘ ১৩১১)

সবে মিলে গাও তাঁহার মহিমা। ভৈরব। চৌতাল

অপার করুণা তোমার। টোড়ি। কাওয়ালি

সবে কর আজি তাঁর। ভৈরবী। কাওয়ালি

দিনে নিশীথে ব্রহ্ম-যশ গাও। পূরবী। একতালা

কত করুণা তোমার। জয়জয়ন্তী। কাওয়ালি

গাও তাঁরে গাও সদা। গৌড়মল্লার। চৌতাল

অতুল তোমার জ্যোতি। পরজ। চৌতাল

কে রচে এমন সুন্দর। পরজ। ঝাঁপতাল

তৃতীয় ভাগ (মাঘ ১৩১৩)

তোমারি এ রাজ্য। ভৈরব। চৌতাল

দয়া-ঘন তোমা হেন কে। আশা। ঠুংরি
প্রথম কারণ আদি কবি। শুক্ল বেলাওল। চৌতাল
আজ সবে গাও আনন্দে। হাম্বীর। ধামার
জননী-সমান করেন পালন। জয়জয়ন্তী। চৌতাল
শোকে মগন কেন। জয়জয়ন্তী। ঝাঁপতাল
বিপদ-রাশি দুঃখ দারিদ্র্য। মেঘমল্লার। ঝাঁপতাল
প্রেম-মুখ দেখ রে তাঁহার। বেহাগ। রূপক
গাও রে জগপতি জগবন্দন। ঝিঁঝিট। ঠুংরি

চতুর্থ ভাগ (বৈশাখ ১৩১৫)

মঙ্গল তোমার নাম। খট্। সুরফাঁক্তা
তৎসৎ ব্রহ্মপদ। ভৈরবী। ঝাঁপতাল
আনন্দ মনে, বিমল হৃদয়ে। টোড়ি। আড়াঠেকা
হে (প্রভু) পরমেশ্বর। টোড়ি। কাওয়ালি
কে জানে মহিমা বিভু। গৌড়-মল্লার। চৌতাল
অমৃত ধনে কে জানে রে। বেহাগ। ধামার
হয়েছি ব্যাকুল অন্তর। সিন্ধুড়া। ধামার
থেক না থেক না দূরে নাথ। দেশ। তেওট

পঞ্চম ভাগ (বৈশাখ ১৩১৬)

তার হে তার হে। কেদারা। কাওয়ালি
আমি হে তব কৃপার। কাফি। যৎ

ষষ্ঠ ভাগ (জ্যৈষ্ঠ ১৩১৮)

দরশন দাও হে কাতরে। মিশ্র বেলাওল। আড়াঠেকা
জান না রে কত তাঁর করুণা। ছায়ানট। আড়াঠেকা

জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

(১৮৪৯-১৯২৫)

জ্যোতিরিন্দ্রনাথের ন্যায় একাধারে বহুবিধ গুণের অধিকারী ব্যক্তির তুলনা বিরল। তাঁর সংগীত-গুণপনা বহুমুখী ও বিস্ময়কর। তাঁর বিভিন্ন

সংগীতকৃতি বিশদভাবে পর্যালোচনা করতে হলে একখানি গ্রন্থের রচনা প্রয়োজন। সেটি স্বতন্ত্র কর্তব্য। এ স্থলে কয়েকটি দিকের ইংগিত দেওয়া হল মাত্র।

জ্যোতিরিন্দ্রনাথ-রচিত গান

আদি ব্রাহ্মসমাজ -প্রকাশিত 'ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি' গ্রন্থভুক্ত স্বরলিপি :

প্রথম ভাগ (মাঘ ১৩১১)

কাতর আমার প্রাণ। সিন্ধুড়া। কাওয়ালি
নমঃ শঙ্করায়, মহেশ। ইমন কল্যাণ। সুরফাঁক্তা
তব রাজ-সিংহাসন বিরাজিত। ইমন কল্যাণ। চৌতাল
কেন ম্লান নিরানন্দ। ইমন কল্যাণ। ধামার
হৃদাসনে এস হে। দেশকার। সুরফাঁক্তা
আজ আনন্দে প্রেম-চন্দে। মিশ্র বেহাগ। ঝাঁপতাল
দেহি হৃদয়ে সদা। নিসাসাগ। ঝাঁপতাল
কি আনন্দ হৃদয়ে জাগিল। বেহাগড়া। একতালা
দশ দিশি কিবা আজি। সাহানা। কাওয়ালি
হে অন্তরযামী ত্রাহি। সিন্ধু। টিমাতেতালা
জানি তুমি মঙ্গলময়। কাফি কাওয়ালি
অন্তরতর অন্তরতম। আলাইয়া। কাওয়ালি
চন্দ্র বরিষে জ্যোতি। ভূপালী। সুরফাঁক্তা
ঐ যে দেখা যায়। সিন্ধুবিজয়। তেওরা
অগণন ভুবন-ভারধারী। নটনারায়ণ। ঝাঁপতাল

দ্বিতীয় ভাগ (মাঘ ১৩১২)

শোভন গাও মনোহর। মঙ্গল-ভৈরব। চৌতাল
অগতির গতি অনাথ-নাথ। ললিত-বসন্ত। সুরফাঁক্তা
তুমি হে ভরসা মম। কাফি। ঝাঁপতাল
তাঁরে ভজ ভজ রে। ইমন কল্যাণ। চৌতাল
আদি-নাথ প্রণবরূপ। ইমন কল্যাণ। সুরফাঁক্তা
গাও রে পরব্রহ্মের। গৌড় মল্লার। চৌতাল

পর্ব্বত পাথার ব্যোমে। কানাড়া। চৌতাল
আজি বিশ্বজন গাইছে। খাম্বাজ। সুরফাঁক্তা
ওহে দীনবন্ধু, প্রেমসিন্ধু। বেহাগ। চৌতাল
পরব্রহ্ম সত্য সনাতন। বেহাগড়া। সুরফাঁক্তা
পরম দেব ব্রহ্ম। খাম্বাজ। একতালা
হৃদয়ের মম যতনের। বাহার। কাওয়ালি
এ কি এ মোহের ছলনা। কাফিকানাড়া। কাওয়ালি

তৃতীয় ভাগ (মাঘ ১৩১৩)

হে প্রাণারাম, নিরঞ্জন। শুক্ল-বেলাওল। চৌতাল
ডাকি তোমারে কাতরে। ইমন-কল্যাণ। চৌতাল
ব্রহ্মন্, মোপর সদয় হও হে। ইমন-ভূপালী। তেওরা
কঠিন দুঃখ পাই হে। কাফি-সিন্ধু। চৌতাল
হরি তোমা-বিনা কেমনে। দেশ-মল্লার। ঝাঁপতাল
শঙ্কর শিব সঙ্কটহারী। খাম্বাজ। কাওয়ালি
ধন্য ধন্য ধন্য আজি। ঝিঁঝিট। একতালা

চতুর্থ ভাগ (বৈশাখ ১৩১৫)

পরব্রহ্ম, পরমেশ্বর। ইমন কল্যাণ। চৌতাল
তাঁহারি চরণ-তল-ছায়ে। কেদারা। চৌতাল
যোগী জগৎ-ত্যাগী। ছায়ানট। চৌতাল
বাজে সুতানে সুন্দর। সুরট। চৌতাল
তব আশা-বাণী শুনি। দেশ। ধামার
শুভ দিন ক্ষণ। সুঘরাই কানেড়া। ঝাঁপতাল
আয় সবে মিলে যাই। পঞ্চার। সুরফাঁক্তা
ব্যাকুল হয়ে তব পাশে। খাম্বাজ। ধামার
ও হৃদয়নাথ! এস হে। ধোরিয়া। আড়াঠেকা
জগ-দরশন মেলা। খাম্বাজ। কাওয়ালি
ধন্য তুমি হে পরম দেব। পরজ-বসন্ত। চৌতাল
জয় পরম-শুভ-সদন। নটবেহাগ। ঝাঁপতাল

পঞ্চম ভাগ (বৈশাখ ১৩১৬)

বিমল প্রভাতে, মিলি। ভৈরব। কাওয়ালী
নিরঞ্জন নিরাকার। ভৈরবী। চৌতাল
তুমি আদি অনাদি। বৃন্দাবনী-সারঙ্গ। ঝাঁপতাল
ভব-ভয়-হর প্রভু। নট্‌-নারায়ণী। কাওয়ালী
তোমা বিনা কে করে উদ্ধার। মিশ্র বারোঁয়া। ঢিমাতেতালা
জীবন বৃথায় চলে গেল রে। দেশ। কাওয়ালি
কত দিন, গতি-হীন। নট্‌মল্লার। কাওয়ালি
অন্তরে ভজ রে তাঁরে। ইমন-ভূপালী। চৌতাল
হে দেব পরসাদ দাও। দেশকার। ঝাপতাল
ধন্য তুমি ধন্য। দেওনট্‌। ফের্‌তা

ষষ্ঠ ভাগ (জ্যৈষ্ঠ ১৩১৮)

বিজন মন-মন্দিরে। সুরট-জয়জয়ন্তী। ঝাঁপতাল
কেন আনিলে গো এ ঘোর। সিন্দুড়া। চৌতাল
ব্রহ্মসনাতন তুমি হে। বিহঙ্গড়া। সুরফাঁক্তা
চিত-মন তব-পদে। কালাংড়া। কাওয়ালি

বলা আবশ্যক যে উল্লিখিত তালিকাগুলি মহর্ষি দেবেন্দ্রনাথ, দ্বিজেন্দ্রনাথ, সত্যেন্দ্রনাথ ও জ্যোতিরিন্দ্রনাথ-কর্তৃক রচিত গানের পূর্ণাঙ্গ তালিকা নয়। তাঁদের রচিত গান আরো আছে এবং তার মধ্যে কোনো কোনো গানের স্বরলিপি অন্যত্র প্রকাশিত হয়েছে। এ স্থলে সংগীতলিপি সহজলভ্য এরূপ গানের তালিকা সংকলন করা হল; তার উদ্দেশ্য এই যে গানগুলি সম্যকরূপে অনুশীলন করলে নানা দিক থেকে রবীন্দ্রসংগীতের সঙ্গে সেগুলির যোগসূত্র অনুধাবন করা যাবে এবং রবীন্দ্রনাথ পর্যন্ত রচয়িতাগণের উপর ক্ল্যাসিকাল ধ্রুপদের প্রভাব ক্রমশ অধিকতর পরিলক্ষিত হবে। বিশেষত জ্যোতিরিন্দ্রনাথ-রচিত গানের ক্ষেত্রে বিষয়গুলি খুবই পরিস্ফুট। শুধু তাই নয়। জ্যোতিরিন্দ্রনাথের নাট্যরচনার পরিপ্রেক্ষিতেও রবীন্দ্রনাথ-রচিত নাট্যনাটকগুলি পর্যালোচনা করবার প্রশস্ত ক্ষেত্র ও সংগত কারণ আছে। প্রকৃতপক্ষে জ্যোতিরিন্দ্রনাথের সংগীত ও নাট্য-রচনার আলোচনা ও বিচার-বিশ্লেষণ ছাড়া রবীন্দ্রসংগীতে গবেষণাকর্ম সম্পূর্ণ হতে পারে না।

জ্যোতিরিন্দ্রনাথ-রচিত নাট্যনাটক

১. কিঞ্চিৎ জলযোগ ॥ প্রহসন। ১৭৯৪ শক। ২০ সেপ্টেম্বর ১৮৭২

২. পুরুবিক্রম নাটক ॥ ১৭৯৬ শকাব্দা। ৯ জুলাই ১৮৭৪

৩. সরোজিনী ॥ চিতোর-আক্রমণ নাটক। ১৭৯৭ শকাব্দা। ৩০ নবেম্বর ১৮৭৫

নাটকভুক্ত রবীন্দ্রসংগীত: জ্বল্ জ্বল্ চিতা, দ্বিগুণ দ্বিগুণ

৪. এমন কর্ম আর করব না ॥ প্রহসন। আষাঢ় ১৭৯৯ শক। ৭ জুলাই ১৮৭৭

১৯০০ খৃস্টাব্দের এপ্রিল মাসে 'অলীকবাবু' নামে পুনর্মুদ্রিত।

৫. অশ্রুমতী নাটক ॥ শ্রাবণ ১২৮৬। ৪ নবেম্বর ১৮৭৯

নাটকভুক্ত রবীন্দ্রসংগীত: গহন কুসুম-কুঞ্জমাঝে

৬. মানময়ী ॥ গীতি-নাটিকা। ১৮০২ শক। ১৮৮০ খৃস্টাব্দ

নাটিকাভুক্ত রবীন্দ্রসংগীত:

আয় তবে সহচরী

ছিলে কোথা বলো

চলো চলো, চলো চলো, চলো ফুলধনু

১৮৯৯ খৃস্টাব্দে 'পুনর্বসন্ত' নামে পরিবর্তিত সংস্করণ প্রকাশিত হয়।

৭. স্বপ্নময়ী নাটক ॥ ১২৮৮ সাল। ২৪ মার্চ ১৮৮২

৮. হঠাৎ নবাব ॥ প্রহসন। মোলিয়ের। ফরাসি থেকে অনুবাদ।

বৈশাখ ১৮০৬ শক। ২৫ এপ্রিল ১৮৮৪

৯. হিতে বিপরীত ॥ কৌতুক-নাট্য। ২৫ বৈশাখ ১৩০৩। ৭ মে ১৮৯৬

১০. পুনর্বসন্ত ॥ গীতিনাট্য। ১ চৈত্র ১৩০৫। ১৪ মার্চ ১৮৯৯

১৮৮০ খৃস্টাব্দে প্রকাশিত 'মানময়ী'র পরিবর্তিত রূপ।

১১. অভিজ্ঞান শকুন্তলা ॥ নাটক। কালিদাস। সংস্কৃত থেকে অনুবাদ।

১৩০৬ সাল। ১৮ অক্টোবর ১৮৯৯

১২. বসন্ত-লীলা ॥ গীতি-নাটিকা। ১৩০৬ সাল। ২৯ মার্চ ১৯০০

১৩. ধ্যান-ভঙ্গ ॥ গীতি-নাটিকা। ১৩০৬ সাল। ১৫ এপ্রিল ১৯০০

১৪. উত্তর-চরিত ॥ নাটক। ভবভূতি। সংস্কৃত থেকে অনুবাদ।

জ্যৈষ্ঠ ১৩০৭। ৭ জুন ১৯০০

১৫. অলীক বাবু ॥ নাটক। ১৯০০
১৮৭৭ খৃস্টাব্দে প্রকাশিত 'এমন কর্ম আর করব না'র নূতন সংস্করণ।

১৬. রত্নাবলী নাটক ॥ শ্রীহর্ষদেব। সংস্কৃত থেকে অনুবাদ।
ভাদ্র ১৩০৭। ২৬ সেপ্টেম্বর ১৯০০

১৭. মালতী-মাধব ॥ নাটক। ভবভূতি। সংস্কৃত থেকে অনুবাদ।
১৩০৭ সাল। ২৯ সেপ্টেম্বর ১৯০০

১৮. মৃচ্ছকটিক ॥ নাটক। শূদ্রক। সংস্কৃত থেকে অনুবাদ। ৮ মার্চ ১৯০১

১৯. মুদ্রা-রাক্ষস ॥ নাটক। বিশাখ দত্ত। সংস্কৃত থেকে অনুবাদ।
১৩০৮ সাল। ৪ জুন ১৯০১

২০. বিক্রমোর্বশী ॥ নাটক। কালিদাস। সংস্কৃত থেকে অনুবাদ।
১৩০৮ সাল। ৪ জুন ১৯০১

২১. মালবিকাগ্নিমিত্র ॥ নাটক। কালিদাস। সংস্কৃত থেকে অনুবাদ।
১ আষাঢ় ১৩০৮। ১৫ জুন ১৯০১

২২. মহাবীর-চরিত ॥ নাটক। ভবভূতি। সংস্কৃত থেকে অনুবাদ।
১৩০৮ সাল। ৮ অক্টোবর ১৯০১

২৩. চণ্ডকৌশিক ॥ নাটক। ক্ষেমীশ্বর। সংস্কৃত থেকে অনুবাদ।
১৩০৮ সাল। ৪ ডিসেম্বর ১৯০১

২৪. বেণীসংহার ॥ নাটক। ভট্টনারায়ণ। সংস্কৃত থেকে অনুবাদ।
১৩০৮ সাল। ১৪ ডিসেম্বর ১৯০১

২৫. প্রবোধ-চন্দ্রোদয় ॥ নাটক। কৃষ্ণমিশ্র। সংস্কৃত থেকে অনুবাদ।
১৩০৮ সাল। ২৪ মার্চ ১৯০২

২৬. নাগানন্দ ॥ নাটক। শ্রীহর্ষদেব। সংস্কৃত থেকে অনুবাদ।
১৩০৯ সাল। ১ অগস্ট ১৯০২

২৭. দায়ে পড়ে' দার-গ্রহ ॥ প্রহসন। মোলিয়ের। ফরাসি থেকে অনুবাদ।
১৩০৯ সাল। ১৬ সেপ্টেম্বর ১৯০২

২৮. বিদ্ধ-শালভঞ্জিকা ॥ নাটক। রাজশেখর। সংস্কৃত থেকে অনুবাদ।
১৩১০ সাল। ৩০ সেপ্টেম্বর ১৯০৩

৩০. ধনঞ্জয়-বিজয় ॥ নাটক । কাঞ্চনাচার্য । সংস্কৃত থেকে অনুবাদ ।
১৩১০ সাল । ৩ মার্চ ১৯০৪

৩১. কর্পূরমঞ্জরী ॥ নাটক । রাজশেখর । সংস্কৃত থেকে অনুবাদ ।
১৩১১ সাল । ২৩ এপ্রিল ১৯০৪

৩২. প্রিয়দর্শিকা ॥ নাটক । শ্রীহর্ষদেব । সংস্কৃত থেকে অনুবাদ ।
১৩১১ সাল । ২৩ মে ১৯০৪

৩৩. জুলিয়স্ সীজার ॥ নাটক । ইংরেজি থেকে অনুবাদ ।
১৩১৪ সাল । ২৮ অক্টোবর ১৯০৬

জ্যোতিরিন্দ্রনাথ-কর্তৃক সংগৃহীত / লিপ্যন্তরিত রবীন্দ্রসংগীতের মূলগান

১. সাঁই তো না আবে । বেহাগ । চৌতাল (বিলম্বিত) ॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত (ভাঙা) : স্বামী, তুমি এসো আজ । স্বরবিতান ২৭

২. প্রথম আদ শিব শক্তি । সোহিনী । সুরফাঁকতাল ॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত : প্রথম আদি তব শক্তি । স্ব ৩৬

৩. নাদ নগর বসায়ে । গুর্জরী তোড়ী । চৌতাল
রবীন্দ্রসংগীত : প্রভাতে বিমল আনন্দে । স্ব ২৩

৪. ফুল রহী কলিয়াঁ । সাহানা । কাওয়ালি ॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত : আজ বুঝি আইল । স্ব ২৫

৫. সুখ আনন্দ কারো । দেওগির বেলাবলী । আড়াচৌতাল ॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত : সবে আনন্দ করো । স্ব ২৪

৬. এ মনকে আঁখ । বেলাবলী । রূপক ॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত : হে মন, তাঁরে দেখো । স্ব ২৪

৭. গর্ য়ার্ ন হো সাকি । সুরট । পোস্তা
রবীন্দ্রসংগীত : ওগো, দেখি আঁখি তুলে চাও । স্ব ৪৮

৮. মন মানো । নট । চৌতাল ॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত : মন জানে মনোমোহন । স্ব ৩৫

৯. পায়েলিয়া মোরে বাজে । ইমন । মধ্যমান
রবীন্দ্রসংগীত : এখনো তারে চোখে দেখি নি । স্ব ৩২

১০ উঁচি চিৎবন। বিভাস। চৌতাল॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত : জাগ্রত বিশ্বকোলাহল-মাঝে। স্ব ২৪

১১. রঙ্গ যুগত সেঁা। ললিত। সুরফাঁকতাল॥ সঙ্গীত-চন্দ্রিকা
রবীন্দ্রসংগীত : পান্থ এখনো কেন। স্ব ২৭

১২. আজু মন ভাবন। যোগিয়া। কাওয়ালি॥ সঙ্গীত-চন্দ্রিকা
রবীন্দ্রসংগীত : নিশিদিন চাহ রে। স্ব ২৫

১৩. মহাদেব মহেশ্বর। কল্যাণ। ঢিমাতেতালা
রবীন্দ্রসংগীত : মহাবিশ্বে মহাকাশে। স্ব ৪

১৪. দুষ্ট দুর্জ্জন। ইমনকল্যাণ। তেওরা॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত : সত্য মঙ্গল প্রেমময় তুমি। স্ব ২৩

১৫. ঈশ্বরী নাম জপ। খট্। ঝাঁপতাল॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত : পেয়েছি অভয় পদ। স্ব ২৩

১৬. তুম নয়ন মে। গৌঁড়। চৌতাল॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত : তুমি জাগিছ কে। স্ব ২৬

১৭. সখি কাঁপত বাকে। জয়জয়ন্তী। ধামার
রবীন্দ্রসংগীত : হিয়া কাঁপিছে সুখে কি দুখে

১৮. দেবনদেব মহাদেব। দেওগিরি। সুরফাঁক॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত : দেবাধিদেব মহাদেব। স্ব ২৩

১৯. ভুলিসি গোবারণ। নটকিন্দ্র। ধামার॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত : সাজাব তোমারে হে। স্ব ৩৫

২০. নব ভাবন নবরাঘব। নটমল্লার। চৌতাল॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত : চির দিবস নব মাধুরী। স্ব ১২

২১. স্বতি ন মদমাধো। নাচারী তোড়ী। ধামার॥ সঙ্গীত-চন্দ্রিকা
রবীন্দ্রসংগীত : নূতন প্রাণ দাও। স্ব ৪

২২. নিডর ডর ন মাই। শঙ্করী। ঝাঁপতাল॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত : কী ভয় অভয়ধামে। স্ব ২৬

২৩. গহন ঘন বঙ্ক। হাম্বীর। চৌতাল
রবীন্দ্রসংগীত : গহন ঘন বনে। স্ব ৩৫

২৪. সব মিলি গাও। হেমখেম। চৌতাল ॥ গীতসূত্রসার ২
রবীন্দ্রসংগীত : সবে মিলি গাও রে। স্ব ২৪

২৫. ভাওয়েরি ভস্ম। শ্রীরাগ। চৌতাল
রবীন্দ্রসংগীত : আইল শান্তসন্ধ্যা। স্ব ৪৫

২৬. প্রথম কর শিঙ্গার। দেশকার। চৌতাল
রবীন্দ্রসংগীত : কামনা করি একান্তে। স্ব ২৫

২৭. অজ্ঞান তমনিকরে। রাজাবিজয়। তেওরা
রবীন্দ্রসংগীত : সংশয়তিমির-মাঝে। স্ব ৪৫

২৮. তুম বিনে রহো। পূরবী। চৌতাল
রবীন্দ্রসংগীত : তোমা লাগি নাথ। স্ব ২২

২৯. তনু মিলন দে। শ্রীরাগ। তেওরা
রবীন্দ্রসংগীত : কার মিলন চাও। স্ব ৩৬

৩০. ব্যাহন লায়ে। ভূপালী। মধ্যমান
রবীন্দ্রসংগীত : ব্যাকুল প্রাণ কোথা

৩১. ঘুঁঘট পট খোলি। ইমন। আড়াঠেকা
রবীন্দ্রসংগীত : এ মোহ-আবরণ খুলে দাও। স্ব ৮

৩২. তেরো রি নয়ন বাণ। ঝিঁঝিট। চৌতাল
রবীন্দ্রসংগীত : তোমারি মধুর রূপে। স্ব ২২

জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর-কর্তৃক সংগৃহীত / লিপ্যন্তরিত এই বত্রিশটি মূলগানের মধ্যে (১) কোনো কোনোটি পূর্ব-প্রকাশিত গ্রন্থ থেকে গৃহীত ও লিপ্যন্তরিত, (২) কোনো কোনোটি সংগ্রহের পর প্রকাশিত, এবং (৩) কোনো কোনো গান অপ্রকাশিত। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের সমগ্র সংগীত-সংগ্রহের মধ্যে উল্লিখিত বত্রিশটি গান সামান্য অংশ মাত্র।

জ্যোতিরিন্দ্রনাথের সুরে প্রভাবিত রবীন্দ্রনাথের গান

জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর-কর্তৃক সংকলিত ও ব্যাখ্যাত 'স্বরলিপি-গীতি-মালা' গ্রন্থ (১৩০৪) অনুসারে নিম্নলিখিত গানগুলির কথা-রচনা রবীন্দ্রনাথ-কৃত ও সুর-যোজনা জ্যোতিরিন্দ্রনাথ-কৃত :

১. সখা হে, কী দিয়ে আমি তুষিব। মিশ্র বেলাওল। তাল ফেরতা
২. সমুখেতে বহিছে তটিনী। মিশ্র সিন্ধু। কাওয়ালি
৩. খুলে দে তরণী, খুলে দে তোরা। বাহার। একতালা
৪. ভাসিয়ে দে তরী তবে। জয়জয়ন্তী। কাওয়ালি

এই গানটির 'কথা : শ্রীজ্যো' উল্লিখিত আছে, কিন্তু সুরকারের নামের উল্লেখ নেই।

৫. হা সখী ও আদরে। মিশ্র সিন্ধু। কাওয়ালি
৬. সেই তো বসন্ত ফিরে এল। বাহার। কাওয়ালি
৭. গেল গো, ফিরিল না। গৌড়মল্লার। কাওয়ালি
৮. না সজনি, না। আসোয়ারি। কাওয়ালি
৯. সহে না যাতনা দিবস গণিয়া। বেহাগ। কাওয়ালি
১০. হল না লো, হল না সই। হাম্বীর। কাওয়ালি
১১. হৃদয়ের মণি আদরিণী মোর। খাম্বাজ। একতালা
১২. বল দেখি সখী লো। বেহাগ। কাওয়ালি
১৩. দাঁড়াও, মাথা খাও, যেয়ো না। দেশ। কাওয়ালি
১৪. ও কী সখা, মুছ আঁখি। বেলাওল। কাওয়ালি
১৫. প্রমোদে ঢালিয়া দিনু মন। বেহাগ। কাওয়ালি
১৬. দে লো সখী, দে পরাইয়ে গলে। দেশ। কাওয়ালি
১৭. কে যেতেছিস আয় রে হেথা। মিশ্র বাগেশ্রী। খেমটা
১৮. সকলি ফুরাইল, যামিনী পোহাইল। টোড়ী। কাওয়ালি
১৯. নীরব রজনী দেখো মগ্ন জোছনায়। মিশ্র। মধ্যমান
২০. নিমেষের তরে শরমে বাধিল। সিন্ধু। কাওয়ালি

বর্তমান গ্রন্থের পরবর্তী প্রসঙ্গের সূচনায় এ স্থলে দুটি বিশেষ তাৎপর্যপূর্ণ উক্তি উল্লেখ করা প্রয়োজন মনে করি। 'জীবনস্মৃতি' গ্রন্থে রবীন্দ্রনাথ বলেছেন :

"তখন বাড়িতে দিনের পর দিন, প্রহরের পর প্রহর সংগীতের অবিরল-বিগলিত ঝরণা ঝরিয়া তাহার শীকরবর্ষণে মনের মধ্যে সুরের রামধনুকের রঙ ছড়াইয়া দিতেছে ;...তখন লিখিতেছি, গাহিতেছি, অভিনয় করিতেছি, নিজেকে প্রচুরভাবে ঢালিয়া দিতেছি— আমার সেই কুড়ি বছরের বয়সটাতে

এমনি করিয়া পদক্ষেপ করিয়াছি— সেদিন এই যে আমার সমস্ত শক্তিকে এমন দুর্দাম উৎসাহে দৌড় করাইয়াছিলেন, তাহার সারথি ছিলেন জ্যোতিদাদা।"

ভিন্ন প্রসঙ্গে জ্যোতিরিন্দ্রনাথ 'জ্যোতিরিন্দ্রনাথের জীবনস্মৃতি' গ্রন্থে বলেছেন :

"ইহার [দ্বিজেন্দ্রনাথ ও জ্যোতিরিন্দ্রনাথের গান-ভাঙা পর্বের] পরেই শ্রীমান্ রবীন্দ্রনাথের আমল। তাঁহার অসামান্য কবি-প্রতিভা এখন ব্রহ্ম-সঙ্গীতকে প্রায় পূর্ণতায় পৌঁছাইয়া দিয়াছে। নানা সুর, নানা ভাব, নানা ছন্দ, নানা তাল, ব্রহ্মসঙ্গীতে আজ তাঁহারই দেওয়া। তাঁহার বীণা এখনও নীরব হয় নাই।"

দ্বিতীয় অধ্যায়

রবীন্দ্রনাথের সংগীতরচনার সূচনায় পারিবারিক সংগীতরচনার ধারা কিছুটা প্রভাব বিস্তার করেছে ঠিকই, কিন্তু তাই সব নয়। দিক্‌দর্শন অংশে রবীন্দ্রনাথের যে-সব উক্তি সংক্ষেপে সংকলন করা হয়েছে এ স্থলে তা স্মরণযোগ্য। পূর্ব তালিকার গানগুলি পর্যালোচনা করলে লক্ষ করা যায় কিছুসংখ্যক গানে সুর-তালের প্রয়োগে বিভিন্ন রচয়িতার মধ্যে ঐক্যসূত্র আছে। সেরূপ ঐক্য-সূত্র রবীন্দ্রসংগীতেও লক্ষিত হয়। তবে তার পরিধি আরো ব্যাপক।

রাগসংগীতের ক্ষেত্রে ধ্রুপদ ও বাংলা গানের ক্ষেত্রে কীর্তন গানের মর্যাদা ও আভিজাত্য সম্বন্ধে যে রবীন্দ্রনাথ বিশেষ সচেতন ছিলেন তাঁর নানা উক্তিতেই তার প্রমাণ মেলে। শ্রদ্ধেয়া ইন্দিরাদেবী চৌধুরানী তাঁর 'রবীন্দ্র-সংগীতের ত্রিবেণীসংগম' পুস্তকে রবীন্দ্রসংগীতের মূলগান ও ভাঙা গানের যে তালিকা দিয়েছেন তার পর্যালোচনায় দেখা যায় কেবলমাত্র 'সঙ্গীত-মঞ্জরী' গ্রন্থ থেকেই কবি নিম্নলিখিত ধ্রুপদ-রচয়িতাগণের গান ভেঙেছেন—মানদাস, জ্ঞানরঙ্গ, অদারঙ্গ, বৈজু, যদু ভট্ট, হরিহাস স্বামী, কৃষ্ণরসিক, গুণসেন, বুধপ্রকাশ, জানকী দাস, আশকরণ, হিতপরখ, রঙ্গরস, হরনাথ, তুলসীদাস, তানসেন, নবলকিশোর, তানবরষ, আনন্দঘন, ক্ষেমরসিক, অলিআশ, সুরতসেন। অন্য দিকে কীর্তন গানের প্রভাব রবীন্দ্রসংগীতে ব্যাপকভাবে তো আছেই; তা ছাড়া রামনিধি গুপ্ত (নিধুবাবু), শ্রীধর কথক, রাম বসু প্রভৃতি -রচিত বাংলা গানের প্রভাবও পরিশীলিতরূপে লক্ষ করা যায়। এ-সব তথ্য প্রমাণ করে যে রবীন্দ্রনাথ দেশের সংগীত-সংস্কৃতির বৈশিষ্ট্যমূলক ধারাকে তাঁর সংগীতরচনায় নিবিড়ভাবে গ্রহণ করেছিলেন; তাঁর সংগীত রচনার প্রতিভাগুণে ক্রমশ তা স্বকীয়তা ও অভিনবত্বের শীর্ষে উত্তীর্ণ হয়েছিল।

সাহিত্য ও সংগীত এতদুভয়ের মিলিত পরিপ্রেক্ষিতে বিচার করলে দেখা যায়, রবীন্দ্রসংগীত রচনার বিকাশ হয়েছে তিনটি ধারায়— নাট্য-নাটকের সংশ্লিষ্টতায়, কাব্যসংশ্লিস্টতায়, ও স্বতন্ত্র গান হিসাবে। পরবর্তী সারিকা দ্রষ্টব্য। অতঃপর, এই পরিপ্রেক্ষিতে নাট্য-নাটকভুক্ত গান, কাব্যভুক্ত গান ও স্বতন্ত্র গীতগ্রন্থভুক্ত গান এই তিনটি বিভাগে বিষয় সন্নিবেশ করা হল।

১ এখান থেকে সারিকার পরবর্তী অংশ বর্তমান গ্রন্থের বিষয়-সন্নিবেশ অনুসারে সংক্ষিপ্ত-রূপে উল্লিখিত।

রবীন্দ্র-নাট্যনাটকের গান

নাট্য ও নাটক যেমন সমার্থবোধক নয়, নাট্যসংগীত ও নাট্যরসোপেত সংগীতও একার্থ বহন করে না। নাট্যবিধিসম্বলিত প্রাচীনতম ভারতীয় গ্রন্থগুলির মধ্যে যে-গ্রন্থটি আয়াসলভ্য সেটি হচ্ছে ভরত-প্রণীত নাট্যশাস্ত্র। নাট্যশাস্ত্র ভারতবর্ষীয় নাট্যসম্পর্কিত একখানি প্রামাণিক ও পূর্ণাঙ্গ গ্রন্থ। এই গ্রন্থের বিষয়-সন্নিবেশ গ্রন্থকর্তার নাট্যবিষয়ক জ্ঞানের গভীরতা, পরিধির ব্যাপকতা ও সফল দূরদৃষ্টি প্রমাণ করে। নাট্যশাস্ত্রভুক্ত বহুবিধ মৌলিক বিষয় নাট্যক্ষেত্রে সর্বকালে অনুসরণের উপযোগী। যে কোনো নাট্যনাটকের আলোচনায় বা উপস্থাপনায় এ কথা উল্লেখ করা প্রয়োজন। বিশিষ্ট নাট্য-শাস্ত্র-আলোচক ডক্টর মনোমোহন ঘোষ মহাশয় যথার্থই লিখেছেন :

"The Natyasastra is an encyclopedic work treating all possible subjects connected with the stage craft including the construction of plays of different kind. The care for detail which the author displays is simply astonishing and this shows clearly what a high level of perfection Indians reached in presenting as well as constructing dramatic works. It also demonstrates incidentally what serious attention they paid to the earthly aspects of their life, in spite of their occasional preoccupation with man's destiny in the other world or in successive rebirths. All this give unique importance to the study of this work for an understanding of ancient India's culture"

রবীন্দ্রসংগীত মূলত যেমন এতদ্দেশের সংগীতের ভিত্তিভূমিতে রচিত, রবীন্দ্রনাথ-কৃত নাট্যনাটকগুলিও ভারতীয় নাট্যঐতিহ্যের মৌলিক বিষয়-গুলির সঙ্গে যোগযুক্ত। বিভিন্ন সময়ে রচিত বিভিন্ন নাট্যনাটকে ভিন্ন ভিন্ন পাত্রপাত্রীর কণ্ঠে যে সব গান উদ্দিষ্ট হয়েছে সংগীত ও সাহিত্য উভয় দিক থেকে তা অনুধাবনীয়। সেজন্য কালক্রমে রবীন্দ্র-নাট্যনাটকের গানের তালিকা সংক্ষিপ্ত তথ্যসহ অতঃপর সংকলন করা হল।

নাট্যনাটকের নাম প্রকাশকাল পাত্রপাত্রী গান ও স্বরবিতান-খণ্ড উল্লিখিত

১. বাল্মীকিপ্রতিভা। গীতিনাট্য।

প্রথম প্রকাশ: ফাল্গুন ১৮০২ শক (১৮৮১ খৃস্টাব্দ)। তিনটি দৃশ্য -সম্বলিত।

পরবর্তী পরিবর্ধিত সংস্করণ: ১৮৮৬ খৃস্টাব্দ। ছয়টি দৃশ্য -সম্বলিত।

"গানের সূত্রে নাট্যের মালা।"

পাত্রপাত্রী ॥ বনদেবীগণ, দস্যুদল (প্রথম দ্বিতীয় তৃতীয় প্রভৃতি), বালিকা, বাল্মীকি, ব্যাধগণ (প্রথম, দ্বিতীয়), সরস্বতী, লক্ষ্মী।

সংগীতলিপি: স্ব ৪৯ (= স্বরবিতান ঊনপঞ্চাশত্তম খণ্ড)।

২. রুদ্রচণ্ড। নাটিকা। ১৮০৩ শক (১৮৮১ খৃস্টাব্দ)।

পাত্রপাত্রী ॥ রুদ্রচণ্ড, অমিয়া, চাঁদকবি, দ্বাররক্ষক, পান্থ, দূত, সেনাপতি, সৈন্যগণ, নাগরিকগণ।

গান ॥ অমিয়া। বসন্তপ্রভাতে এক মালতীর ফুল। স্ব ৩৫

তরুতলে ছিন্নবৃন্ত মালতীর ফুল। স্ব ২০

৩. কালমৃগয়া। গীতিনাট্য। অগ্রহায়ণ ১২৮৯ (১৮৮২ খৃস্টাব্দ)।

"গানের সূত্রে নাট্যের মালা।"

পাত্রপাত্রী ॥ ঋষিকুমার, লীলা, বনদেবীগণ (প্রথম দ্বিতীয় তৃতীয় চতুর্থ প্রভৃতি), অন্ধ ঋষি, বনদেবতা, শিকারীগণ (প্রথম দ্বিতীয় তৃতীয় প্রভৃতি), বিদূষক, দশরথ।

সংগীতলিপি: স্ব ২৯।

৪. নলিনী। নাট্য। ১২৯১ (১৮৮৪ খৃস্টাব্দ)।

পাত্রপাত্রী ॥ নীরদ, নলিনী, ফুলি (বালিকা), নবীন, প্রতিবেশিনী, নীরজা।

গান ॥ নীরদ। হা কে বলে দেবে। স্ব ২০

ফুলি। ও কেন ভালোবাসা জানাতে আসে। স্ব ২০

নবীন। ভালোবাসিলে যদি সে ভালো না বাসে। স্ব ১০

ফুলি। মনে রয়ে গেল মনের কথা। স্ব ২০

৫. মায়ার খেলা। গীতিনাট্য। অগ্রহায়ণ ১৮১০ শক (১৮৮৮ খৃস্টাব্দ)।

"নাট্যের সূত্রে গানের মালা।"

পাত্রপাত্রী ॥ মায়াকুমারীগণ (প্রথমা দ্বিতীয়া তৃতীয়া প্রভৃতি), অমর, শান্তা, প্রমদার সখীগণ (প্রথমা দ্বিতীয়া তৃতীয়া প্রভৃতি), প্রমদা, কুমার, অশোক, পুরনারী ও পৌরজন।

সংগীতলিপি : স্ব ৪৮।

৬. রাজা ও রাণী। নাটক। ২৫ শ্রাবণ ১২৯৬ (১৮৮৯ খৃস্টাব্দ)।

পাত্রপাত্রী ॥ দেবদত্ত, বিক্রমদেব, লোকারণ্য (কিনুনাপিত, মনসুখ চাষা, কুঞ্জরলাল কামার, নন্দলাল, শ্রীহর বলু, হরিদীন কুমোর, মন্নুরাম কায়স্থ, জওহর তাঁতি প্রভৃতি), সুমিত্রা, কঞ্চুকী, নারায়ণী, ত্রিবেদী, বৃদ্ধ অমাত্য, জয়সেন, মিহিরগুপ্ত, সভাসদ, অনুচর, একজন পুরুষ ও স্ত্রী, শংকর, দুইজন সৈনিক, কুমারসেন, ইলা, সখীগণ, পরিচারিকা, রেবতী, চন্দ্রসেন, সেনাপতি, চর (প্রথম দ্বিতীয়), যুধাজিৎ, লোক-সমাগম (প্রথম দ্বিতীয় মহাজন জনার্দন, পঞ্চম ষষ্ঠ প্রভৃতি) অমরুরাজ, প্রহরী, কাঠুরিয়া, মধুজীবী, শিকারী, দুইজন অনুচর, রামচরণ।

গান ॥ প্রথম সৈনিক। ঐ আঁখি রে
সখীগণ। যদি আসে তবে কেন যেতে চায়
ইলা। এরা পরকে আপন করে
প্রথম সখী। বাজিবে, সখী, বাঁশি বাজিবে
ঐ বুঝি বাঁশি বাজে
লোকগণ। যমের দুয়োর খোলা পেয়ে
ইলা। আমি নিশিদিন তোমায় ভালোবাসি
কাঠুরিয়া। বঁধু, তোমায় করব রাজা

সংগীতলিপি : স্ব ২৮।

৭. বিসর্জন। নাটক। ২ জ্যৈষ্ঠ ১২৯৭ (১৮৯০ খৃস্টাব্দ)।

তুলনীয় রাজর্ষি (১২৯৩ : ১৮৮৭ খৃস্টাব্দ) উপন্যাস।

পাত্রপাত্রী ॥ গুণবতী, রঘুপতি, জয়সিংহ, গোবিন্দমাণিক্য, অপর্ণা, সভাসদ্‌গণ; নয়নরায়, মন্ত্রী, নক্ষত্ররায়, চাঁদপাল, পরি-চারিকা, একদল লোক (নেপাল গণেশ হারু কানু প্রভৃতি)

তথা পুরবাসিগণ, রানীর অনুচর, জনতা (গণেশ অক্রূর কানু হারু ক্ষান্তমণি চিন্তামণি প্রভৃতি, নিস্তারিণী গোবর্ধন), প্রহরীগণ, চর।

গান ॥ অপর্ণা। আমি একলা চলেছি এ ভবে

পুরবাসিগণ। উলঙ্গিনী নাচে রণরঙ্গে

অপর্ণা। ওগো পুরবাসী

জয়সিংহ। আমারে কে নিবি ভাই

প্রজাগণ। থাকতে আর তো পারলি নে মা

সংগীতলিপি : স্ব ২৮

৮. গোড়ায় গলদ। প্রহসন। ৩১ ভাদ্র ১২৯৯ (১৮৯২ খৃস্টাব্দ)।

পাত্রপাত্রী ॥ চন্দ্রকান্ত, নলিনাক্ষ, বিনোদবিহারী, নিমাই, ক্ষান্তমণি, নিবারণ, শিবচরণ, ইন্দুমতী, ভৃত্য, কমলমুখী, শ্রীপতি, ভূপতি, লোকারণ্য (বিবাহসভা), অন্য স্ত্রীগণ (বাসর ঘর), ললিত।

গান ॥ প্রথমে চন্দ্র

পরে সকলে। যার অদৃষ্টে যেমনি জুটুক। দ্রষ্টব্য স্ব ৫।

৯. ব্যঙ্গকৌতুক। কৌতুকনাট্য (ও নিবন্ধ)। [২৮ ডিসেম্বর ১৯০৭]।

বিনি পয়সার ভোজ :

গান ॥ অক্ষয়। যদি জোটে রোজ। স্ব ২৮

বশীকরণ :

পাত্রপাত্রী ॥ আশু, অন্নদা, বাড়িওয়ালা ও তাহার স্ত্রী, মাতাজি, রামচরণ, শ্যামাসুন্দরী, ভৃত্য, নিরুপমা, স্ত্রীদল।

গান ॥ নিরুপমা। আমি কী বলে করিব নিবেদন। স্ব ২২

রমণীগণ। এবার সখী সোনার মৃগ। স্ব ২৮

১০. শারদোৎসব। নাটক। [২০ সেপ্টেম্বর ১৯০৮]।

পাত্রগণ ॥ বালকগণ, লক্ষেশ্বর, ঠাকুরদাদা, উপনন্দ, ধনপতি, সন্ন্যাসী, রাজদূত, বন্দিগণ, রাজা, একদল লোক, অমাত্যগণ।

গান ॥ সূচনা। আজ বুকের বসন ছিঁড়ে ফেলে

বালকগণ। মেঘের কোলে রোদ হেসেছে

ঠাকুরদাদা ও বালকগণ। আজ ধানের খেতে
ঠাকুরদাদা। আনন্দেরই সাগর থেকে
সন্ন্যাসী। তোমার সোনার থালায় সাজাব
বন্দিগণ। রাজরাজেন্দ্র জয় জয়তু। স্ব ৫৬
সন্ন্যাসী। নবকুন্দধবলদল-সুশীতলা
ঠাকুরদাদা ও বালকগণ। আমরা বেঁধেছি কাশের গুচ্ছ
সন্ন্যাসী। লেগেছে অমল ধবল পালে
ঠাকুরদাদা ও সকলে। আমার নয়ন-ভুলানো এলে

৬-সংখ্যক ছাড়া বাকি সবগুলি গানের লিপি : স্ব ৫০ (শেফালি)।

১১. প্রায়শ্চিত্ত। নাটক। '১ বৈশাখ ১৩১৬' (১৯০৯)।

বৌ ঠাকুরাণীর হাট (পৌষ ১৮০৪ শক : ১২৮৯) উপন্যাসের নাট্যীকৃত রূপ।

পাত্রপাত্রী ॥ উদয়াদিত্য, সুরমা, প্রতাপাদিত্য, মন্ত্রী, পাঠান, বসন্তরায়, বিভা, ধনঞ্জয়, প্রজাদল, রামচন্দ্র, রমাই ভাঁড়, মন্ত্রী, ফর্ণাণ্ডিজ, রামমোহন, নটী, লছমন সর্দার, নটনটীগণ, মহিষী, বামী, প্রহরী, পিতাম্বর, অনুচর, সীতারাম, ভাগবতের স্ত্রী, ভৃত্য, দ্বারী, মুক্তিয়ার খাঁ, কতিপয় সৈন্য, জনৈক পথিক, কতিপয় বালক।

গান ॥ বসন্তরায়। বঁধুয়া, অসময়ে কেন হে প্রকাশ
সুরমা। ওর মানের এ বাঁধ
বসন্তরায়। আজ তোমারে দেখতে এলেম
বসন্তরায়। মলিন মুখে ফুটুক হাসি
বসন্তরায়। মান অভিমান ভাসিয়ে দিয়ে
ধনঞ্জয়। আরো আরো প্রভু, আরো আরো
ধনঞ্জয়। আমরা বসব তোমার সনে
ধনঞ্জয়। আমাকে যে বাঁধবে ধরে
ধনঞ্জয়। কে বলেছে তোমায় বঁধু
ধনঞ্জয়। বলো ভাই, ধন্য হরি (বাঁচান বাঁচি, মারেন মরি)
রামমোহন। সারা বরষ দেখি নে মা

বসন্তরায়। হাসিরে কি লুকাবি লাজে

নটী। না বলে যেয়ো না চলে

নটী। ও যে মানে না মানা

তৃতীয়া নটী। নয়ন মেলে দেখি আমায়

ধনঞ্জয় ও সকলে। আমারে পাড়ায় পাড়ায়

ধনঞ্জয়। রইল বলে রাখলে কারে

ধনঞ্জয়। ওরে আগুন, আমার ভাই

ধনঞ্জয়। ওরে শিকল, তোমায় কোলে করে

বসন্তরায় (ও কতিপয় বালক)। ওকে ধরিলে তো

ধনঞ্জয়। সকল ভয়ের ভয় যে তারে

ধনঞ্জয়। গ্রামছাড়া ওই রাঙা মাটির পথ

ধনঞ্জয়। আমি ফিরব না রে

সংগীতলিপি : স্ব ৯ (প্রায়শ্চিত্ত)।

১২. রাজা। নাটক। [১৯১০]।

পাত্রপাত্রী ॥ সুদর্শনা, সুরঙ্গমা, রাজা, পথিক (প্রথম দ্বিতীয় তৃতীয় জনার্দন কৌণ্ডিল্য ভবদত্ত প্রভৃতি), প্রহরী, ঠাকুরদা, বালকগণ, নাগরিকদল (প্রথম দ্বিতীয় তৃতীয় বিশ্ববসু বিরূপাক্ষ প্রভৃতি), একদল লোক (প্রথম দ্বিতীয় তৃতীয় প্রভৃতি), একদল পদাতিক ও পথিক (প্রথম দ্বিতীয় তৃতীয় কুম্ভ মাধব বিরাজ-দত্ত প্রভৃতি), রাজবেশী, পাগল, অবন্তী কোশল কাঞ্চী প্রভৃতি রাজগণ, পদাতিকগণ, একদল স্ত্রীলোক (প্রথমা দ্বিতীয়া তৃতীয়া প্রভৃতি), নাচের দল, সখী রোহিণী, বাউলের দল, কান্যকুব্জরাজ, মন্ত্রী, দূত, সুবর্ণ, রাজগণ (বিদর্ভ, কলিঙ্গ, বিরাট, পাঞ্চাল প্রভৃতি)।

গান ॥ সুরঙ্গমা। খোলো খোলো দ্বার। স্ব ৪২

সুরঙ্গমা। এ যে মোর আবরণ

সুরঙ্গমা। কোথা বাইরে দূরে। স্ব৪২

ঠাকুরদা। আজি দখিনদুয়ার খোলা। স্ব ৪২

তৃতীয় পথিক। যেখানে রূপের প্রভা নয়নলোভা

ঠাকুরদা। আমরা সবাই রাজা আমাদের এই। স্ব ৪২
বাউলের দল। আমার প্রাণের মানুষ আছে প্রাণে। স্ব ৪২
পাগল। তোরা যে যা বলিস ভাই। স্ব ৫৬
ঠাকুরদা। আজি কমলমুকুলদল খুলিল। স্ব ৩৬
ঠাকুরদা ও পথিকদল। মোদের কিছু নাই রে নাই। স্ব ৪২
নাচের দল (নৃত্য ও গীত)। মম চিত্তে নিতি নৃত্যে। স্ব ৪২
ঠাকুরদা। বসন্তে কি শুধু কেবল। স্ব ৪২
বালকগণ। বিরহ মধুর হল আজি। স্ব ৩৬
বাউলের দল। যা ছিল কালো ধলো। স্ব ৪২
ঠাকুরদা। আহা, তোমার সঙ্গে প্রাণের খেলা। স্ব ৪২
ঠাকুরদা। আমার সকল নিয়ে বসে আছি। স্ব ৪২
ঠাকুরদা। আমার ঘুর লেগেছে
সুরঙ্গমা। পুষ্প ফুটে কোন্ কুঞ্জবনে। স্ব ৩৬
রাজা। আমি রূপে তোমায় ভোলাব না। স্ব ৪২
সুরঙ্গমা। ভয়েরে মোর আঘাত করো
সুরঙ্গমা। আমি তোমার প্রেমে হব
সুরঙ্গমা। আমি কেবল তোমার দাসী
এ অন্ধকার ডুবাও তোমার
ঠাকুরদা। আজি বসন্ত জাগ্রত দ্বারে। স্ব ৩৮
সুরঙ্গমা। অন্ধকারের মাঝে আমায়
সুরঙ্গমা। ভোর হল বিভাবরী। স্ব ৪২

১৩. ডাকঘর। নাটক। [১৬ জানুয়ারি ১৯১২]।

পাত্রপাত্রী ॥ মাধব দত্ত, কবিরাজ, ঠাকুরদা, অমল, দইওয়ালা, প্রহরী, মোড়ল, বালিকা (সুধা), ছেলের দল, রাজদূত, রাজ-কবিরাজ।

১৩৪৬ সালে সংযোজিত গান :

১. আমরা দূর আকাশের নেশায় মাতাল
২. বাহির হলেম আমি আপন ভিতর হতে
৩. শুনি ওই রুনুঝুনু পায়ে পায়ে। স্ব ৫৩

৪. এই তো ভরা হল ফুলে ফুলে
৫. সুরের জালে কে জড়ালে আমার মন
৬. কোথাও আমার হারিয়ে যাওয়ার নেই মানা
৭. সমুখে শান্তিপারাবার। স্ব ৫৫

১৪. অচলায়তন। নাটক। [২ অগস্ট ১৯১২]।

পাত্রগণ। পঞ্চক, মহাপঞ্চক, ছাত্রদল (প্রথম দ্বিতীয় তৃতীয় বিশ্বম্ভর সঞ্জীব জয়োত্তম প্রভৃতি), সুভদ্র (ছাত্রী), উপাধ্যায়, আচার্য, উপাচার্য, শোণপাংশুদল (প্রথম দ্বিতীয় তৃতীয় প্রভৃতি), দাদাঠাকুর, তৃণাঞ্জন (ছাত্র), অধ্যেতা, রাজা, দর্ভকদল (প্রথম দ্বিতীয় তৃতীয় চতুর্থ), শঙ্খবাদক, মালী।

গান। পঞ্চক। তুমি ডাক দিয়ে কোন্ সকালে। স্ব ৫২
পঞ্চক। দূরে কোথায় দূরে দূরে। স্ব ৫২
পঞ্চক। এ পথ গেছে কোন্‌খানে গো। স্ব ৫২
প্রথম শোণপাংশু। আমরা চাষ করি আনন্দে। স্ব ৫২
তৃতীয় শোণপাংশু। কঠিন লোহা কঠিন ঘুমে। স্ব ৫২
শোণপাংশুগণ। সব কাজে হাত লাগাই মোরা। স্ব ৫২
পঞ্চক। ঘরেতে ভ্রমর এল গুন্‌গুনিয়ে। স্ব ১২
প্রথম শোণপাংশু। এই একলা মোদের হাজার মানুষ। স্ব ৫২
দাদাঠাকুর। যা হবার তা হবে। স্ব ৫২
পঞ্চক। আমি কারে ডাকি গো
দাদাঠাকুর। বুঝি এল, বুঝি এল, ওরে প্রাণ। স্ব ১১
পঞ্চক। আজ যেমন করে গাইছে আকাশ। স্ব ৫২
পঞ্চক। হারে রে রে রে রে রে। স্ব ১১
পঞ্চক। ওরে ওরে ওরে আমার মন মেতেছে। স্ব ৫২
পঞ্চক। এই মৌমাছিদের ঘরছাড়া কে করেছে রে। স্ব ৫২
দর্ভকদল। ও অকূলের কূল, ও অগতির গতি। স্ব ৫২
দর্ভকদল। আমরা তারেই জানি তারেই জানি। স্ব ৫২
পঞ্চক। সকল জনম ভরে ও মোর দরদিয়া। স্ব ৫২
দর্ভকদল। উতলধারা বাদল ঝরে। স্ব ১১ ও ৩৬

বালকদল। আলো, আমার আলো, ওগো। স্ব ৫২

শোণপাংশুগণ। যিনি সকল কাজের কাজী। স্ব ৪২

পঞ্চক। আমি যে সব নিতে চাই। স্ব ৫২

পঞ্চক। আর নহে আর নয়। স্ব ৫২

১৫. ফাল্গুনী। নাটক। ১৯১৬ খৃস্টাব্দ।

"এই নাট্যকাব্যে নবযৌবনের দল যেখানে কথাবার্তা কহিতেছে সেখানে চন্দ্রহাস, দাদা ও সর্দার ছাড়া আর কাহারও নাম নির্দিষ্ট নাই। দলের অন্য সকলে যে যেটা খুশি বলিতে পারে এবং তাহাদের লোকসংখ্যারও সীমা করিয়া দেওয়া হয় নাই।"

পাত্রগণ॥ রাজা, মন্ত্রী, শ্রুতিভূষণ, কবিশেখর, নববসন্তের দূতগণ, শীত, নবযৌবনের দল— চন্দ্রহাস (উক্তদলের প্রিয়সখা), দাদা (উক্ত দলের প্রবীণ যুবক), জীবন সর্দার (উক্ত দলের নেতা), অন্ধ বাউল, মাঝি, কোটাল, অনাথকলু ইত্যাদি।

গান॥ সূচনা। পথ দিয়ে কে যায় গো চলে

বেণুবনের গান। ওগো দখিন হাওয়া

পাখির নীড়ের গান। আকাশ আমায় ভরল

ফুলন্ত গাছের গান। ওগো নদী, আপন বেগে

যুবকদল। ওরে ভাই ফাগুন লেগেছে

মোদের যেমন খেলা

আমাদের পাকবে না চুল

আমাদের ভয় কাহারে

দুরন্ত প্রাণের গান। আমরা খুঁজি খেলার সাথি

শীতের বিদায় গান। ছাড়্ গো তোরা ছাড়্ গো

নবযৌবনের গান। আমরা নূতন প্রাণের চর

যুবকদল। আমাদের খেপিয়ে বেড়ায় যে

চলি গো, চলি গো, যাই গো চলে

ভালোমানুষ নই রে মোরা

বসন্তের হাসির গান। ওর ভাব দেখে যে

আসন্ন মিলনের গান। আর নাই যে দেরি
যুবকদল। মোরা চলব না
বাউল। ধীরে বন্ধু ধীরে ধীরে
প্রত্যাগত যৌবনের গান। বিদায় নিয়ে গিয়েছিলেম
নূতন আশার গান। এই কথাটাই ছিলেম ভুলে
বোঝাপড়ার গান। এবার তো যৌবনের কাছে
নবীন রূপের গান। এত দিন যে বসে ছিলেম
যুবকদল। তুই ফেলে এসেছিস কারে
আমি যাব না গো অমনি চলে
বাউল। সবাই সারে সব দিতেছে
বসন্তে ফুল গাঁথল
যুবকদল। চোখের আলোয় দেখেছিলেম
বাউল। হবে জয়, হবে জয়, হবে জয় রে
তোমায় নতুন করে পাব বলে
সকলে। আয় রে তবে মাত্ রে সবে আনন্দে

সংগীতলিপি : স্ব ৭ (ফাল্গুনী)

১৬. গুরু। নাটক। ১ ফাল্গুন ১৩২৪ [১৯১৮]

"সহজে অভিনয়যোগ্য করিবার অভিপ্রায়ে অচলায়তন নাটকটি [২ অগস্ট ১৯১২] "গুরু" নামে এবং কিঞ্চিৎ রূপান্তরিত এবং লঘুতর আকারে প্রকাশ করা হইল।"—শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর। শান্তিনিকেতন ১ ফাল্গুন ১৩২৪।

পাত্রগণ ॥ একদল বালক (প্রথম দ্বিতীয় তৃতীয় সঞ্জীব জয়োত্তম বিশ্বম্ভর প্রভৃতি), পঞ্চক, মহাপঞ্চক, সুভদ্র (বালক), উপাধ্যায়, আচার্য, উপাচার্য, অধ্যেতা, পদাতিক, রাজা, দূত, যূনকদল (প্রথম দ্বিতীয় তৃতীয় প্রভৃতি), দাদাঠাকুর, দর্ভকদল (প্রথম দ্বিতীয় তৃতীয় চতুর্থ প্রভৃতি), মালী, শঙ্খবাদক।

গান ॥ পঞ্চক। তুমি ডাক দিয়েছ কোন্ সকালে। স্ব ৫২
ওরে ওরে ওরে আমার মন মেতেছে। স্ব ৫২
এ পথ গেছে কোন্খানে গো। স্ব ৫২

যূনকগণ। আমরা চাষ করি আনন্দে। স্ব ৫২

সব কাজে হাত লাগাই মোরা। স্ব ৫২

দর্ভকদল। ও অকূলের কূল, ও অগতির গতি। স্ব ৫২

যূনক ও দর্ভকদল। ভেঙেছে দুয়ার, এসেছ জ্যোতির্ময়। স্ব ৪৪

১৭. অরূপ রতন। নাটক। [১৯১০]। ১৩৪২ কার্তিকে পুনর্লিখিত।

"এই নাট্য-রূপকটি 'রাজা' নাটকের [১৯২০] অভিনয়যোগ্য সংক্ষিপ্ত সংস্করণ— নূতন করিয়া পুনর্লিখিত।"—শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর। মাঘ ১৩২৬

পাত্রপাত্রী॥ সুরঙ্গমা, রাজা (নেপথ্যে), সুদর্শনা, বিদেশী পথিকদল (বিরাজদত্ত ভদ্রসেন মাধব প্রভৃতি), ঠাকুরদা (সদলে), মেয়ের দল (প্রথমা দ্বিতীয়া তৃতীয়া প্রভৃতি), দেশী পথিকদল (কৌণ্ডিল্য জনার্দন কুম্ভ প্রভৃতি), বাউল, একদল পদাতিক (প্রথম দ্বিতীয় প্রভৃতি), রাজবেশধারী (সুবর্ণ), রাজা বিজয়বর্মা বিক্রমবাহু ও বসুসেন, প্রতিহারী, বালকগণ, গানের দল, নাগরিকদল (প্রথম দ্বিতীয় তৃতীয় প্রভৃতি), সৈনিক।

গান॥ প্রস্তাবনা : চোখ যে ওদের ছুটে চলে গো

সুরঙ্গমা। আমি যখন ছিলেম অন্ধ

প্রভু, বলো বলো কবে

খোলো খোলো দ্বার

কোথা বাইরে দূরে যায় রে

